রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২৯, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

শাখা নং ২

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে নভেম্বর, ১৯৮৬

নং এস, আর, ও, ৪৫০-এল/৮৬—১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশ (১৯৮৪ সালের ৩৬ নং অধ্যাদেশ)-এর ১৪ ধারার ক্ষমতাবলে এবং অত্র বিভাগের ১৯৮০ সালের ২০শে সেপ্টেম্বর তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও, ৩৩৫-২/৮০ বাতিল করিয়া সরকার নির্দেশ দিতেছেন যে, যেক্ষেত্রে কর উপ-কমিশনার কর্তৃক কোন করদাতার (অনিবন্ধীকৃত ব্যবসা প্রতিষ্ঠানসহ) মোট আয় অনূর্ধ্ব এক লক্ষ টাকা ধার্য হয় সেক্ষেত্রে উক্ত অধ্যাদেশের ১২৮ অথবা ১৫৬ ধারার অধীনে এ্যাপিলেট যুগ্ম-কমিশনার এবং ১০ অথবা ১২০ ধারার অধীনে পরিদর্শক যুগ্ম-কমিশনার কর্তৃক প্রদত্ত আদেশের বিরুদ্ধে একই অধ্যাদেশের ১৫৮ ধারার অধীনে দায়েরকৃত আপীলসমূহ সম্পর্কে কর আপীল ট্রাইব্যুনালের সভাপতি, বিচার সদস্য এবং হিসাব সদস্য যৌথভাবে বা স্বতন্ত্রভাবে উক্ত ট্রাইব্যুনালের ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, নূর
যুগ্ম-সচিব।

খন্দকার ওবায়দুল মোত্তালেব, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য : ৩০ পয়সা।